# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫৫. কোনো লোক কোনো একটি বিষয়ে ফতওয়া দেওয়ার পর তা পরিবর্তন করা প্রসঙ্গে

بَاب الرَّجُلِ يُفْتِي بِالشَّيْءِ ثُمَّ يَرَى غَيْرَهُ

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ عَنْ مَعْمَرٍ عَنْ سِمَاكِ بْنِ الْفَضْلِ عَنْ وَهْبِ بْنِ مُنَبِّهٍ عَنْ الْحَكَمِ بْنِ مَسْعُودٍ قَالَ أَتَيْنَا عُمَرَ فِي الْمُشَرَّكَةِ فَلَمْ يُشَرِّكْ ثُمَّ أَتَيْنَاهُ الْعَامَ الْمُقْبِلَ فَشَرَّكَ فَقُلْنَا لَهُ فَقَالَ تِلْكَ عَلَى مَا قَضَيْنَا وَهَذِهِ عَلَى مَا قَضَيْنَا

إسناده جيد

বাংলা

৬৬৮. ওয়াহাব ইবনু মুনাব্বিহ থেকে বর্ণিত, হাকাম ইবনু মাসউদ বলেন: “আমরা শরীকানা (ভাগাভাগি)-এর বিষয়ে উমর রাদ্বিয়াল্লাহু আনহু’র নিকট এলাম। কিন্তু তিনি আমাদের মাঝে তা বন্টন করলেন না। অতঃপর পরবর্তী বছরেও আমরা বিষয়টি নিয়ে তাঁর নিকট এলে তিনি আমাদের মাঝে বন্টন করে দিলেন। তখন আমরা তাঁকে এ বিষয়ে জিজ্ঞেস করলে তিনি বললেন: সেটিও ছিল আমাদের রায় অনুযায়ী, এটিও আমাদের রায় অনুযায়ী।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, ১১/২৫৫ নং ১১১৪৪; বুখারী, আল কাবীর ২/৩৩১-৩৩২; ফাসাওয়ী, আল মা’রিফাতু ওয়াত তারীখ ২/২২৩; বাইহাকী, ৬/২৫৫; আব্দুর রাযযাক ১০/২৪৯ নং ১৯০০৫; দেখুন লীসানুল মীযান ২/৩৩৮-৩৩৯ ও সুনানে সাঈদ ইবনু মানসূর পৃ: ৫৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়াহাব ইবনু মুনাব্বিহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন